গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১২০/২০১৯-২০২০
ঢাকা ৯ ডিসেম্বর সোমবার ২০১৯, ২৪ অগ্রহায়ণ ১৪২৬
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। এনডিসির প্রশিক্ষণ আত্মবিশ্বাস বাড়াবে : রাষ্ট্রপতি
২। জমকালো আয়োজনের মধ্য দিয়ে বঙ্গবন্ধু বিপিএল উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী
৩। জীবনঘনিষ্ঠ চলচ্চিত্র সমাজের জন্য মঙ্গলজনক : জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রদান অনুষ্ঠানে প্রধানমন্ত্রী
৪। চলচ্চিত্র শিল্পের স্বর্ণযুগ ফিরিয়ে আনতে চায় সরকার : জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রদান অনুষ্ঠানে তথ্যমন্ত্রী
৫। ঢাকা বিশ্ববিদ্যালয়ে ৫২তম সমাবর্তন আজ : সভাপতিত্ব করবেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ
৬। আজ বেগম রোকেয়া দিবস : প্রধানমন্ত্রী বেগম রোকেয়া পদক-২০১৯ প্রদান করবেন
৭। জাতীয় সংসদের স্পিকারের সঙ্গে বিমসটেক মহাসচিবের সাক্ষাৎ
৮। দলে সুবিধাবাদী ও সুযোগ সন্ধানীদের জায়গা হবে না : বরিশাল মহানগর আ'লীগের সম্মেলনে সেতুমন্ত্রী
৯। সময়োপযোগী পদক্ষেপেই বাংলাদেশ আজ খাদ্যে উদ্বৃত্ত দেশ : কৃষিমন্ত্রী
১০। বিশেষ বিসিএসে নিয়োগপ্রাপ্ত ৪৪৩৩ চিকিৎসকের যোগদান
স্বাস্থ্যখাতে অভূতপূর্ব উন্নয়ন হয়েছে : স্বাস্থ্যমন্ত্রী
১১। উন্নয়নশীল দেশে পরিণত হওয়ার পরও জিএসপি প্লাস সুবিধা চাইলেন বাণিজ্যমন্ত্রী
ইইউ-বাংলাদেশ বাণিজ্য সংলাপ
১২। ইকো-ডিজাইন সম্মেলনে টেকসই শিল্পায়নে চীনের সহায়তা চাইলেন শিল্পমন্ত্রী
১৩। চুয়েটে শেখ কামাল আইটি বিজনেস ইনকিউবেটর নির্মাণকাজের উদ্বোধন করলেন আইসিটি প্রতিমন্ত্রী
১৪। সারের অপচয় হলে কঠোর ব্যবস্থা : শিল্প প্রতিমন্ত্রী
১৫। সচিবালয়ের আশপাশে হর্ন বাজালে এক মাসের জেল
১৬। রোহিঙ্গা গণহত্যা মামলার শুনানি কাল শুরু
মামলা পর্যবেক্ষণে নেদারল্যান্ডসে বাংলাদেশ প্রতিনিধিদল

চলমান পাতা-২

১। এনডিসির প্রশিক্ষণ আত্মবিশ্বাস বাড়াবে : রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের সঙ্গে সাক্ষাৎ করেছেন ন্যাশনাল ডিফেন্স কলেজের (এনডিসি) ন্যাশনাল ডিফেন্স কোর্স এবং আর্মড ফোর্সেস ওয়ার কোর্সের গ্র্যাজুয়েটেরা। গতকাল (৮ ডিসেম্বর রোববার) বঙ্গভবনের দরবার হলে ঐ সাক্ষাতের সময় রাষ্ট্রপতি আশা করেন, তাদের এ প্রশিক্ষণলব্ধ জ্ঞান পেশাগত দক্ষতা বৃদ্ধির পাশাপাশি দায়িত্ব পালনে আত্মবিশ্বাস বাড়াতে সহায়তা করবে। কোর্সে অংশ নেওয়া বিদেশি প্রশিক্ষণার্থীদের ধন্যবাদ জানিয়ে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ আশা প্রকাশ করেন, তারা নিজ নিজ দেশে বাংলাদেশের শুভেচ্ছা দূত হিসেবে কাজ করবেন। **১৬**টি দেশের **৩১** জন বিদেশি শিক্ষার্থীসহ মোট **১৫৯** জন গ্র্যাজুয়েট বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করতে যান। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৮), **অবজারভার** (পৃ.৩,ক.১)।

২। জমকালো আয়োজনের মধ্য দিয়ে বঙ্গবন্ধু বিপিএল উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী

জমকালো আয়োজনের মধ্য দিয়ে বঙ্গবন্ধু বাংলাদেশ প্রিমিয়ার লিগ (বিবিপিএল) টি২০ ক্রিকেট টুর্নামেন্টের আনুষ্ঠানিক উদ্বোধন ঘোষণা করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (৮ ডিসেম্বর রোববার) সন্ধ্যায় মিরপুর শেরেবাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে আয়োজন করা হয় এ উদ্বোধন অনুষ্ঠানের। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে সরকার গৃহীত বিভিন্ন কর্মসূচির মধ্যে এটাই ছিল প্রথম অনুষ্ঠান। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, যারা উপস্থিত আছেন, সকলকে আমি শুভেচ্ছা জানাচ্ছি। আগামী দিনে এ অনুষ্ঠান সার্থক হোক, সফল হোক এবং আজকের অনুষ্ঠান আপনারা সবাই ভালোভাবে উপভোগ করুন সে কামনা করে আমি বঙ্গবন্ধু বাংলাদেশ প্রিমিয়ার টি২০ লিগ ২০১৯-এর শুভ উদ্বোধন ঘোষণা করছি। ৪০ দিনব্যাপী এ টুর্নামেন্টে সাতটি দলের অংশগ্রহণে বুধবার **১১** ডিসেম্বর থেকে শুরু হবে বঙ্গবন্ধু বিপিএল। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৪), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১)।

৩। জীবনঘনিষ্ঠ চলচ্চিত্র সমাজের জন্য মঙ্গলজনক : জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রদান অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, চলচ্চিত্র সমাজ সংস্কার বা সমাজের ভালো দিকগুলো তুলে ধরতে পারে। চলচ্চিত্র মানুষের মাঝে গভীর দাগ কাটতে এবং মানুষকে আরও সুন্দর পথে চলার প্রেরণা দিতে পারে। কাজেই জীবনঘনিষ্ঠ চলচ্চিত্র যত বেশি নির্মাণ হবে, সমাজের জন্য তা ততই মঙ্গলজনক। বাংলাদেশের নাটকেরও ভূয়সী প্রশংসা করেছেন সরকার প্রধান। গতকাল (৮ ডিসেম্বর রোববার) বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে জাতীয় চলচ্চিত্র পুরস্কার ২০১৭ ও ২০১৮ প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তরুণদের আরও বেশি সংস্কৃতিচর্চায় সম্পৃক্ত করতে পদক্ষেপ নেওয়ার পরামর্শ দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ খাতকে এগিয়ে নিতে চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট প্রতিষ্ঠার কথা তুলে ধরেন তিনি। শোষিত-বঞ্চিত মানুষের অধিকার আদায়ের লড়াইয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আজীবন সংগ্রামের কথা তুলে ধরার পাশাপাশি বাংলাদেশের চলচ্চিত্রের উন্নয়নে জাতির পিতার ভূমিকার কথা স্মরণ করেন প্রধানমন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)।

**৪। চলচ্চিত্র শিল্পের স্বর্ণযুগ ফিরিয়ে আনতে চায় সরকার : জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রদান অনুষ্ঠানে তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, সরকারের লক্ষ্য দেশের চলচ্চিত্র শিল্পের স্বর্ণযুগকে ফিরিয়ে আনা এবং বিশ্ব ব্যাপী চলচ্চিত্রের বাজার দখলকরা। সাম্প্রতিক বছরগুলোতে বেশ কয়েকটি ভালোমানের চলচ্চিত্র নির্মিত হয়েছে। বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ২০১৭ এবং ২০১৮ সালের জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রদান অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে তিনি একথা বলেন। অনুষ্ঠানে তথ্যমন্ত্রী বলেন, সরকার আধুনিক যন্ত্রপাতি ও প্রযুক্তিসহ চলচ্চিত্র শিল্পের উন্নয়নে এফডিসির জন্য প্রায় ৩২৭ কোটি টাকার একটি প্রকল্প গ্রহণ করেছে। গাজীপুরের বঙ্গবন্ধু ফিল্ম সিটি খুব কমসময়ের মধ্যেই বিশ্বমানের একটি স্পটে পরিণত হবে। চলচ্চিত্র জগতের শিল্পীদের কল্যাণ ট্রাস্ট গঠনের কাজ চলছে। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৪), **অবজারভার** (পৃ.৩,ক.৩)।

**৫। ঢাকা বিশ্ববিদ্যালয়ে ৫২তম সমাবর্তন আজ : সভাপতিত্ব করবেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫২তম সমাবর্তন আজ (৯ ডিসেম্বর সোমবার) অনুষ্ঠিত হবে। দুপুর **১২**টায় বিশ্ববিদ্যালয় শারীরিক শিক্ষা কেন্দ্রের খেলার মাঠে সমাবর্তনের মূল অনুষ্ঠান শুরু হবে। সমাবর্তন অনুষ্ঠানের সকল প্রস্তুতি ইতোমধ্যেই সম্পন্ন হয়েছে। সমাবর্তন অনুষ্ঠানের সার্বিক নিরাপত্তাও নিশ্চিত করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ৫২তম সমাবর্তনে সভাপতিত্ব করবেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। ৫২তম সমাবর্তনে ২০ হাজার ৭৯৬ জন গ্র্যাজুয়েট অংশ নিচ্ছেন। সূত্র : **সংবাদ** (পৃ.২,ক.৮), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

**৬। আজ বেগম রোকেয়া দিবস : প্রধানমন্ত্রী বেগম রোকেয়া পদক-২০১৯ প্রদান করবেন**

আজ ৯ ডিসেম্বর বাংলার নারী জাগরণের পথিকৃৎ বেগম রোকেয়ার জন্মদিন রোকেয়া দিবস। দিবসটি উপলক্ষে মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে রোকেয়া দিবস উদ্‌যাপন ও বেগম রোকেয়া পদক-২০১৯ প্রদান করা হবে আজ ৯ ডিসেম্বর সোমবার। আজ সকাল ১০টায় রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পদক প্রদান করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৬), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

**৭। জাতীয় সংসদের স্পিকারের সঙ্গে বিমসটেক মহাসচিবের সাক্ষাৎ**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সঙ্গে বিমসটেকের মহাসচিব এম শহীদুল ইসলাম গতকাল (৮ ডিসেম্বর রোববার) তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাত করেছেন। সাক্ষাতকালে তাঁরা বিমসটেকের কার্যক্রম ও সদরদফতর স্থাপন, সদস্যভুক্ত দেশসমূহের মাঝে সম্পর্ক উন্নয়ন ও সংসদীয় চর্চা ইত্যাদি বিষয়ে আলোচনা করেন। স্পিকার বলেন, সংসদগুলো বিমসটেকের ফোকাল পয়েন্ট হিসেবে কাজ করতে পারে। বাংলাদেশ জাতীয় সংসদ সিপিএ, আইপিইউ, পিইউআইসির মতো আন্তর্জাতিক সংস্থার সঙ্গে সফলতার সঙ্গে কাজ করে যাচ্ছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৯,ক.৫)।

**৮। দলে সুবিধাবাদী ও সুযোগ সন্ধানীদের জায়গা হবে না : বরিশাল মহানগর আ'লীগের সম্মেলনে সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, আওয়ামী লীগ ত্যাগী ও পরীক্ষিত নেতাকর্মীদের দল। এখানে সুবিধাবাদী, সুযোগসন্ধানীদের জায়গা হবে না। সুবিধাবাদীরা দেশের উন্নয়ন ও অর্জন উইপোকার মতো খেয়ে ফেলে। গতকাল (৮ ডিসেম্বর রোববার) বরিশালের ঐতিহাসিক বঙ্গবন্ধু উদ্যানে মহানগর আওয়ামী লীগের ত্রিবার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৩), **ইত্তেফাক** (পৃ.১,ক.২)।

**৯। সময়োপযোগী পদক্ষেপেই বাংলাদেশ আজ খাদ্যে উদ্বৃত্ত দেশ : কৃষিমন্ত্রী**

খাদ্যশস্য আর প্রাণিজ আমিষ উৎপাদনে আরও মনোযোগী হওয়ার পরামর্শ দিয়েছেন কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক। গতকাল (৮ ডিসেম্বর রোববার) রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউশন অভ্ বাংলাদেশ (কেআইবি) এর থ্রিডি হলে ৩৫তম সার্ক চার্টার ডে উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। কৃষিমন্ত্রী বলেন, সঠিক ও সময়োপযোগী পদক্ষেপ, প্রণোদনা প্রদান, উন্নত প্রযুক্তি, কৃষক ও সংশ্লিষ্টদের পরিশ্রমেই বাংলাদেশ আজ খাদ্যে শুধু স্বয়ংসম্পূর্ণ নয় বরং খাদ্য উদ্বৃত্ত দেশে পরিণত হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **যায়যায়দিন** (পৃ.২,ক.২)।

**১০। বিশেষ বিসিএসে নিয়োগপ্রাপ্ত ৪৪৩৩ চিকিৎসকের যোগদান**
**স্বাস্থ্যখাতে অভূতপূর্ব উন্নয়ন হয়েছে : স্বাস্থ্যমন্ত্রী**

৩৯তম বিশেষ (স্বাস্থ্য) বিসিএস ক্যাডারে নিয়োগপ্রাপ্ত ৪ হাজার ৪৪৩ জন চিকিৎসক একযোগে যোগদান করেছেন। গতকাল (৮ ডিসেম্বর রোববার) রাজধানীর ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরায় আয়োজিত অনুষ্ঠানে তাদের বরণ করে নিয়েছে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জাহিদ মালেক বলেন, স্বাস্থ্যখাতে অভূতপূর্ব উন্নয়ন হয়েছে। গ্রামে বাস করা দেশের ৮০ ভাগ মানুষের স্বাস্থ্যসেবার উন্নয়নে নবীন চিকিৎসকদের কাজ করতে হবে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৮)।

**১১। উন্নয়নশীল দেশে পরিণত হওয়ার পরও জিএসপি প্লাস সুবিধা চাইলেন বাণিজ্যমন্ত্রী**
**ইইউ-বাংলাদেশ বাণিজ্য সংলাপ**

আগামী ২০২৪ সালে উন্নয়নশীল দেশে পরিণত হবার পরও বাংলাদেশের জন্য জিএসপি প্লাস সুবিধা চাইলেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। গতকাল (৮ ডিসেম্বর রোববার) সচিবালয়ে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)-বাংলাদেশ বাণিজ্য সংলাপে তিনি এ সুবিধা চান। বাণিজ্যমন্ত্রী বলেন, ইইউ বাংলাদেশের বড়ো ব্যবসায়িক অংশীদার এবং রপ্তানি বাজার। আগামী ২০২৪ সালে বাংলাদেশ উন্নয়নশীল দেশে পরিণত হবে। এর তিন বছর পর বাংলাদেশ এলডিসিভুক্ত দেশের সুবিধাগুলো আর পাবে না। এ সময় বাংলাদেশ আশা করে, ইউরোপীয় ইউনিয়ন বাংলাদেশকে 'জিএসপি প্লাস' বাণিজ্য সুবিধা দেবে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৪,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৫)।

**১২। ইকো-ডিজাইন সম্মেলনে টেকসই শিল্পায়নে চীনের সহায়তা চাইলেন শিল্পমন্ত্রী**

চতুর্থ শিল্প বিপ্লব সুফল কাজে লাগিয়ে স্বল্প কার্বন নির্গমন নগর গড়ে তোলার পরামর্শ দিয়েছেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন। তিনি বলেন, এর মাধ্যমে পরিবেশবান্ধব শিল্পায়ন, প্রতিবেশ সুরক্ষা এবং সাংস্কৃতিক ঐতিহ্য সমুন্নত রাখার চ্যালেঞ্জ মোকাবিলা সহজ হবে। তিনি বিশ্বমানের শিল্প প্রযুক্তি ও প্রতিবেশগত নকশার আলোকে টেকসই শিল্পায়ন ও পরিবেশবান্ধব নগরায়ণের লক্ষ্যে এশিয়া প্রশান্ত-মহাসাগরীয় অঞ্চলের দেশগুলোকে পারস্পরিক সহায়তার ভিত্তিতে কাজ করার তাগিদ দেন। চীন সফররত শিল্পমন্ত্রী গতকাল (৮ ডিসেম্বর রোববার) দ্বিতীয় ওয়ার্ল্ড ইকো-ডিজাইন সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে এ পরামর্শ দেন। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৬)।

**১৩। চুয়েটে শেখ কামাল আইটি বিজনেস ইনকিউবেটর নির্মাণকাজের উদ্বোধন করলেন আইসিটি প্রতিমন্ত্রী**

তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক গতকাল (৮ ডিসেম্বর রোববার) চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট)-এ শেখ কামাল আইটি বিজনেস ইনকিউবেটর স্থাপন প্রকল্পের নির্মাণকাজের উদ্বোধন করেন। অনুষ্ঠানে জুনাইদ আহমেদ পলক বলেন, তথ্য-প্রযুক্তির মাধ্যমে নতুন-নতুন সমস্যার সমাধান করতে হবে। আমাদের প্রযুক্তিনির্ভর দেশ গড়ার কাজে মনোযোগী হতে হবে। সেক্ষেত্রে চুয়েটের এ মেগা-প্রজেক্ট শেখ কামাল আইটি বিজসেন ইনকিবেশন সেন্টার ইন্ডাস্ট্রি একাডেমিয়া কোলাবোরেশনকে আরো সম্মৃদ্ধ করবে। এর আগে চুয়েট রোবোটিকস ল্যাব এবং মোবাইল গেইমস অ্যান্ড অ্যাপস ডেভেলপমেন্ট সেন্টারের উদ্বোধন করেন আইসিটি প্রতিমন্ত্রী। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৪,ক.৫),

**১৪। সারের অপচয় হলে কঠোর ব্যবস্থা : শিল্প প্রতিমন্ত্রী**

ব্যবস্থাপনার গাফিলতির কারণে সারের অপচয় হলে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে বলে জানিয়েছেন শিল্প প্রতিমন্ত্রী কামাল আহমেদ মজুমদার। প্রতিমন্ত্রী গতকাল (৮ ডিসেম্বর রোববার) যশোরের নওয়াপাড়ায় ট্রানজিট পয়েন্টে সারের মজুদ ও সরবরাহ কার্যক্রম পরিদর্শনকালে এ কথা বলেন। এ সময় প্রতিমন্ত্রী বলেন, বর্তমানে ৯ লাখ মেট্রিকটন ইউরিয়া সার মজুদ আছে। তাই দেশে কোথাও সারের কোনো ঘাটতি নেই। প্রতিমন্ত্রী বলেন, কৃষকদের কাছে সময়মত সার পৌঁছে দিতে দেশের বিভিন্ন জেলায় **১৩**টি বাফার গোডাউন নির্মাণ করা হচ্ছে। আরও **৩৪**টি বাফার গোডাউনের নির্মাণ প্রক্রিয়াধীন বলে জানান প্রতিমন্ত্রী। সূত্র : **সংবাদ** (পৃ.১৪,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.১)।

**১৫। সচিবালয়ের আশপাশে হর্ন বাজালে এক মাসের জেল**

আগামী ১৭ ডিসেম্বর থেকে বাংলাদেশ সচিবালয়ের আশপাশে ঘোষিত 'নীরব এলাকা'য় যানবাহনের হর্ন বাজালে সরকারের প্রণীত বিধিমালা অনুযায়ী জেল-জরিমানা শুরু হচ্ছে। ঐ দিন থেকে সচিবালয়ের চারপাশ অর্থাৎ জিরো পয়েন্ট, পল্টন মোড় ও সচিবালয় লিংক রোড হয়ে জিরো পয়েন্ট এলাকাকে নীরব জোন বা হর্নবিহীন এলাকা হিসেবে কার্যকর করা হবে। গতকাল (৮ ডিসেম্বর রোববার) এসব এলাকায় চলাচলকারী যানবাহনসমূহকে কোনো প্রকার হর্ন না বাজানোর অনুরোধ জানানো হয়েছে। গতকাল পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সভাকক্ষে মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব ড. মো. বিল্লাল হোসেনের সভাপতিত্বে সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থার প্রতিনিধিদের সমন্বয়ে এ বিষয়ে করণীয় নির্ধারণী সভা অনুষ্ঠিত হয়। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৮)।

**১৬। রোহিঙ্গা গণহত্যা মামলার শুনানি কাল শুরু**
**মামলা পর্যবেক্ষণে নেদারল্যান্ডসে বাংলাদেশ প্রতিনিধিদল**

নেদারল্যান্ডসের হেগের আন্তর্জাতিক ন্যায়বিচার আদালতে (আইসিজে) রোহিঙ্গা গণহত্যা মামলার শুনানি শুরু হবে আগামীকাল ১০ ডিসেম্বর মঙ্গলবার। এ উদ্দেশে গতকাল (৮ ডিসেম্বর রোববার) নেদারল্যান্ডসে পৌঁছেছে বাংলাদেশ এবং মিয়ানমারের প্রতিনিধিদল। শুনানিতে মিয়ানমারের হয়ে লড়বেন দেশটির ডি ফ্যাক্টো সরকারের প্রধান অং সান সু চি। অন্যদিকে রোহিঙ্গা গণহত্যা বিচার মামলার শুনানি পর্যবেক্ষণ করবে বাংলাদেশ প্রতিনিধিদল। আগামী ১০ থেকে ১২ ডিসেম্বর এ শুনানি অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। সূত্র : **সংবাদ** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** সার ও কীটনাশক তথা বিষমুক্ত শাকসবজির পসরা নিয়ে রাজধানীতে শুরু হয়েছে ব্যতিক্রমি কৃষকের বাজার উল্লেখ করে এ উদ্যোগ বিভিন্ন স্থানে সম্প্রসারিত করার ওপর গুরুত্বারোপ।

খ. **যায়যায়দিন :** দেশে খেলাপি ঋণের পরিমাণ বেড়েই চলছে উল্লেখ করে এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

গ. **বণিক বার্তা :** যুক্তরাজ্য ভিত্তিক গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর ইকোনমিকস অ্যান্ড বিজনেস রিসার্চ প্রকাশিত প্রতিবেদনে ২০৩২ সালের মধ্যে বাংলাদেশ বিশ্বের বড় ২৫টি অর্থনীতির দেশের একটি হবে এ তথ্য প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে অর্থনৈতিক অগ্রগতির সাথে আর্থিক অপরাধ বাড়ায় এ ব্যাপারে যথাযথ প্রতিরোধমূলক ব্যবস্থা নেওয়ার পরামর্শ।

ঘ. **সমকাল :** গত এক মাসে ডায়রিয়া ও শ্বাসযন্ত্রের রোগে পৌনে দু'লাখ আক্রান্ত হয়েছে ও প্রাণহানি হয়েছে ৩৮ জন এক প্রতিবেদনে এ তথ্য প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে এ ব্যাপারে সচেতনতার আহ্বান।

ঙ. **ডেইলি সান :** ডাক্তারদেরকে শুধু শহরমুখী না হয়ে দেশের প্রত্যন্ত অঞ্চলে সেবাদানে আগ্রহী করে তোলার আহ্বান।

## উপসম্পাদকীয়

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, সামাজিক সচেতনতা বৃদ্ধিসহ পুরুষের মানসিকতার পরিবর্তন এবং নারী অর্থনৈতিক স্বাবলম্বিতা অর্জন করলে বাংলাদেশ আরও এগিয়ে যাবে।

## নিবন্ধ ও ফিচার

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত **'গণপরিবহণে নারীর নিরাপত্তা এবং আমাদের দায়িত্ব'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, নারীবান্ধব সমাজ ও পরিবেশ নিশ্চিত করতে সবাইকে এগিয়ে আসতে হবে।

#

মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা